

- ৩.৫ শিক্ষা কার্যক্রম পরিপন্থি কোন কাজের সাথে সম্পৃক্ত থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষা পরিষদের সুপারিশ অনুযায়ী শিক্ষার্থীর নিবন্ধন (Registration) স্থগিত/বাতিল করার ক্ষমতা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উপর ন্যস্ত থাকবে;
- ৩.৬ কোন শিক্ষার্থী ভর্তি বাতিল করতে চাইলে বোর্ড কর্তৃক নির্ধারিত ফি প্রদানপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে মূল নিবন্ধনপত্র এবং প্রবেশপত্র ও নম্বরপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) জমা প্রদানপূর্বক ভর্তি বাতিল করে মূল নম্বরপত্র প্রতিষ্ঠান থেকে ফেরত নিতে পারবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরবর্তী ২ (দুই) সপ্তাহের মধ্যে নির্ধারিত ফি-সহ মূল নিবন্ধনপত্র এবং প্রবেশপত্র ও নম্বরপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) জমা প্রদান করে বোর্ডের রেজিস্ট্রেশন শাখা হতে শিক্ষার্থীর ভর্তিসহ নিবন্ধন বাতিল করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক ভর্তি বাতিল হলেও তা কার্যকর হবে না।

৪.০ ধারাবাহিক ও পর্ব সমাপনী পরীক্ষা এবং মূল্যায়নের সাধারণ নিয়মাবলী (General Procedure of Continuous and Semester Final Examination and Evaluation):

- ৪.১ কোন শিক্ষার্থী কোন বিষয়ে মোট অনুষ্ঠিত ক্লাসের শতকরা ৮০ ভাগ ক্লাসে উপস্থিত না থাকলে তাকে সংশ্লিষ্ট পর্ব সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণের অনুমতি বা পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া যাবে না। তবে অসুস্থতা বা অন্য কোন গ্রহণযোগ্য কারণে প্রতিষ্ঠানের শিক্ষা পরিষদের সুপারিশক্রমে অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান সর্বোচ্চ শতকরা ১০ ভাগ অনুপস্থিতি মওকুফ করতে পারবে। পর্ব সমাপনী পরীক্ষার ক্ষেত্রে সংশ্লিষ্ট পর্ব সমাপনী পরীক্ষা তথ্য ফরম (EIF) পূরণের দিন পর্যন্ত অনুষ্ঠিত ক্লাসের ভিত্তিতে হাজিরা গণনা করতে হবে;
- ৪.২ ১ম পর্বে নিবন্ধনভুক্ত কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা অর্জনে ব্যর্থ বা ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য বা অন্য কোন কারণে পর্ব সমাপনী পরীক্ষায় ফরম পূরণে ব্যর্থ হলে উক্ত শিক্ষার্থীর নিবন্ধন বাতিল বলে গণ্য হবে;
- ৪.৩ ১ম পর্ব ব্যতীত নির্ধারিত হাজিরা অর্জনে ব্যর্থ বা ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য বা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে পর্ব সমাপনী পরীক্ষায় ফরম পূরণে ব্যর্থ শিক্ষার্থী যে পর্বে ব্যর্থ হয়েছে পরবর্তী সংশ্লিষ্ট পর্বে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ধারাবাহিকভাবে পরপর সর্বোচ্চ দু'বার পুনরায় ভর্তি হয়ে নিয়মিত শিক্ষার্থী হিসেবে অধ্যয়নের সুযোগ পাবে। এ সময়ের মধ্যে সুযোগ গ্রহণে ব্যর্থ এ ধরনের শিক্ষার্থীর নিবন্ধন বাতিল বলে গণ্য হবে;
- ৪.৪ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত শিক্ষা বর্ষপঞ্জি অনুযায়ী এ শিক্ষাক্রমের পর্ব সমাপনী পরীক্ষাসহ যাবতীয় শিক্ষা কার্যক্রম অনুষ্ঠিত/পরিচালিত হবে। প্রয়োজনে বোর্ড শিক্ষা বর্ষপঞ্জি সংশোধন করতে পারবে;
- ৪.৫ সকল পর্বের তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়/বিষয়াংশের ধারাবাহিক মূল্যায়ন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সম্পন্ন হবে;
- ৪.৬ সকল পর্বের তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়/বিষয়াংশের চূড়ান্ত মূল্যায়ন বা পর্ব সমাপনী পরীক্ষা বোর্ড কর্তৃক সম্পন্ন হবে;
- ৪.৭ সকল পর্বের তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়/বিষয়াংশের চূড়ান্ত মূল্যায়ন বা পর্ব সমাপনী পরীক্ষার বিস্তারিত সময়সূচি (Routine) প্রণয়ন ও পরীক্ষার কেন্দ্র নির্বাচন করে বোর্ড বিজ্ঞপ্তি প্রকাশ করবে;
- ৪.৮ সকল পর্বের তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়/বিষয়াংশের চূড়ান্ত মূল্যায়ন বা পর্ব সমাপনী পরীক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত কেন্দ্রের কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা (সেন্টার-ইন-চার্জ) এর তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে;
- ৪.৯ সকল পর্বের প্রতিটি তাত্ত্বিক বিষয়ের বা বিষয়ের তাত্ত্বিক অংশের নির্ধারিত মোট নম্বরের ৪০% নম্বর ধারাবাহিক মূল্যায়নের জন্য এবং ৬০% নম্বর চূড়ান্ত মূল্যায়ন বা পর্ব সমাপনী পরীক্ষার জন্য নির্ধারিত থাকবে;
- ৪.১০ ১ম হতে ৭ম পর্বের প্রতি বিষয়ে/বিষয়াংশের তাত্ত্বিক ও ব্যবহারিকের অনুষ্ঠিতব্য ধারাবাহিক মূল্যায়ন ও পর্ব সমাপনী পরীক্ষার পাস নম্বর হবে পৃথকভাবে শতকরা ৪০ অর্থাৎ D গ্রেড এবং প্রতি বিষয়ে/বিষয়াংশের তাত্ত্বিক ও ব্যবহারিক অংশে শিক্ষার্থীকে আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে;
- ৪.১১ প্রতিটি তাত্ত্বিক বিষয়ের বা বিষয়ের তাত্ত্বিক অংশের ধারাবাহিক মূল্যায়ন পদ্ধতি ও মানবন্টন হবে নিম্নরূপঃ
- ৪.১১.১ পর্ব মধ্য পরীক্ষা, ক্লাস টেস্ট, কুইজ, প্রেজেন্টেশন, এ্যাসাইনমেন্ট ও শিক্ষার্থী উপস্থিতি নম্বরের সমন্বয়ে ধারাবাহিক মূল্যায়নের নম্বর নির্ধারিত হবে। ধারাবাহিক মূল্যায়নে ন্যূনতম দুইটি ক্লাস টেস্ট ও দুইটি কুইজ অনুষ্ঠিত হবে;
- ৪.১১.২ পর্ব মধ্য, ক্লাস টেস্ট, কুইজ ও উপস্থিতির জন্য নম্বর বিন্যাস হবে নিম্নরূপঃ

তাত্ত্বিক ধারাবাহিক মূল্যায়নের মানবন্টন:	
মূল্যায়নের ক্ষেত্র	৪০% এর ক্ষেত্রে
পর্ব মধ্য	২০%
ক্লাস টেস্ট	০৬%
কুইজ	০৪%
প্রেজেন্টেশন ও এ্যাসাইনমেন্ট	০৫%
উপস্থিতি	০৫% (৮০% উপস্থিতির উর্ধ্বে আনুপাতিক হারে)
উপস্থিতির ব্যাখ্যাঃ ৯০% এর উপরে- ০৫%; ৮০% - ৮৯% ০৪%;	

২৪/০৪/২২